

ফেলে গৌটা পরিবার চরম আতঙ্কের মধ্যে ছিল। অভিযোগ পাওয়ার পরই পুলিশ ঘটনার তদন্ত শুরু করে। মোবাইলের টাওয়ার লোকেশন করে শনিবার দক্ষিণ ২৪ পরগনার ধলাহাটী থানার ইন্সপেক্টরপূর্ণ প্রামে যায় পুলিশ। সেখানে একটি ভাড়া বাড়ি থেকে অপহৃত তরুণকে হাত-পা বাঁধা অবস্থায় উদ্ধার করে পুলিশ। সেখান থেকেই এক অশ্রুকারী আলমগির মিরকেও হাতেহাতে ধরে ফেলে পুলিশ। জিজ্ঞাসাবাদ করে সাদ্দাম ও জাহাঙ্গির নামে এই কাণ্ডের দুই পাণ্ডুর নাম পেয়েছে পুলিশ। তাদের ধরতে জোর তল্লাশি চলেছে।

দুর্ঘটনা, আহত ৫

■ পঞ্চ-দুর্ঘটনায় আহত হলেন ৫ জন। রবিবার রাতের ঘটনা। বেহালার জেমস লং সরণির নবগামী এলাকায় দুর্ঘটনাটি ঘটে। একটি উবের গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে থান্ডা মারে একটি টাটা ৪০৭ গাড়িকে। তার পর পাল্টি খেয়ে একটি ল্যাম্প পোস্টে থান্ডা মারে উবের। এই ঘটনায় ৫ জন সুরুতর আহত হয়েছেন। প্রত্যেককেই হাসপাতালে ভর্তি করানো হয়েছে। ল্যাম্প পোস্টটি ভেঙে রাস্তায় খুলে পড়েছে। গভীর রাত পর্যন্ত ল্যাম্প পোস্টটি সরানো যায়নি।

নিমিটেড

রামি, কলকাতা- ৭০০ ০১৭
৯৮৪০৯০০, ফ্যাক্স: ০৩৩-৩৯৮৪০৯৯৮
সাইট: www.ramkrishnaforgings.com

১২ মাসের অপরিষ্কৃত

(টাকায়) ই পি এস রাতীত)

	১২ মাস শেষ	
সেপ্টে. ২০১৬	৩০ সেপ্টে. ২০১৭	৩০ সেপ্টে. ২০১৬
অপরিষ্কৃত	(অপরিষ্কৃত)	(অপরিষ্কৃত)
৬,৮৯৬.৪৪	৬,১০৯.৭০	৪০,৪১৪.৪২
(৭৩৮.৩৪)	৪,১৩৪.৬৭	(৩০.৯৫)
(৪৯৯.৪৭)	৩,২৬২.২৭	২৮.৯২
০.৩৮	৯.১০	৯.১০
২,৮৬৬.৯৯	৩,২৫৯.১৪	২,৮৬৬.৯৯
(১.৭৪)	১০.৭৯	০.১০
(১.৭৪)	১০.৭৯	০.১০

রগুলেশনস, ২০১৫)-এর রেগুলেশন ৩৩
ফরম্যাটের সংশ্লিষ্টসার। স্টক এক্সচেঞ্জের
india.com, www.nseindia.com) ও
সফলের সম্পূর্ণ ফরম্যাট পাওয়া যাবে।
তা অনুমোদন করেছ বোর্ড অফ ডিরেক্টর।
বোর্ডের আদেশানুসারে
নরেশ জালান
(ম্যানেজিং ডিরেক্টর)
DIN: 00375462

আগুন আইসক্রিম কারখানায়

■ বন্ধ আইসক্রিম কারখানায় আগুন
লেগে আতঙ্ক ছড়াল খিদিরপুরে।
রবিবার সকালের ঘটনা। দমকল
সূত্রে খবর, মনসাতলা লেনের ওই
আইসক্রিম দীর্ঘদিন ধরে বন্ধ ছিল।
এদিন সকাল পৌনে ১০টা নাগাদ ওই
কারখানার বিল্ডিংয়ের একটি তলায় গ্রিল
কাটার কাজ চলছিল। সেখান থেকে
আগুনের ফুলকি ছিটকে কারখানার
মধ্যে পড়ে। প্রচুর দাহ্য বস্তু মজুত থাকায়
আগুন লেগে যায়। আটকে পড়েন ওই
বিল্ডিংয়ের বাসিন্দারা। আতঙ্ক ছড়িয়ে
পড়ে আশপাশ এলাকায়। খবর পেয়ে
দমকলের ৪টি ইঞ্জিন ঘটনাস্থলে যায়।
ঘণ্টা দুয়েকের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে
আনে।

ক্যান্সার আক্রান্ত শিশুদের পাশে

■ বছরভর নানা সমাজসেবার কাজ করে থাকে সেবাপীঠ মাতৃমন্দির।
রবিবার জগদ্ধাত্রী পূজা উপলক্ষে ঠাকুরপুকুর ক্যান্সার হাসপাতালে
চিকিৎসাধীন ৪২ ক্যান্সার আক্রান্ত শিশুর হাতে উপহার তুলে দিল
চারু মার্কেট থানা এলাকার সেবাপীঠ মাতৃমন্দির। অনুষ্ঠানে উপস্থিত
ছিলেন সেবাপীঠের আচার্য স্বামী বেদানন্দ, ঠাকুরপুকুর সরোজ গুপ্ত
ক্যান্সার সেন্টার ও রিসার্চ ইনস্টিটিউটের ডিরেক্টর ডাঃ অর্পণ গুপ্ত,
পঞ্চায়তমন্ত্রী সুরত মুখার্জি-সহ অন্য বিশিষ্ট ব্যক্তিরা। এছাড়া গরিব
ছাত্র-ছাত্রীদের পাশে থাকা, বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা থেকে
দৃষ্টিহীনদের সেবার মতো কাজ সারা বছর ধরে করে সেবাপীঠ
মাতৃমন্দির।

গলফ গ্রিনে চুরি, ধৃত

■ গলফ গ্রিনে চুরির ঘটনায় এক পরিচারিকাকে গ্রেপ্তার করা হল। পুলিশ
জানিয়েছে, এন এস সি বোস রোডের বাসিন্দা ডাঃ সূর্যশিখা দাস তাঁর বাড়ি
থেকে কিছু গয়না এবং দুটি মোবাইল চুরির অভিযোগ জানান। সন্দেহ করা
হয় বাড়ির পরিচারিকাকে। তদন্তে নেমে পুলিশ তাঁর সন্দেহখালির বাড়ি
থেকে ওই পরিচারিকা সূমমা মণ্ডলকে গ্রেপ্তার করেছে। উদ্ধার হয়েছে চুরি
যাওয়া জিনিসগুলিও।



পশ্চিমবঙ্গ অত্যাাব্যক পণ্য সরবরাহ নিগম লিমিটেড

(পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ একটি সংস্থা)

১১/এ, মির্জা গ্যালিব স্ট্রিট, কলকাতা-৭০০০৮৭

স্মে নং : ECSC/Proc/2017/1309/A

তারিখ : 26.10.2017

জরুরী বিজ্ঞপ্তি

রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুযায়ী পশ্চিমবঙ্গ অত্যাাব্যক পণ্য সরবরাহ নিগম লিমিটেড
২০১৭-২০১৮ খরিক মরশুমে PACS/SKUS/Thana Marketing Co-operative
Society/SHG-এর মাধ্যমে কৃষকদের কাছ থেকে সরকার নির্ধারিত সহায়ক মূল্যে
FAQ ধান কিনবে। এই সিদ্ধান্ত কার্যকর করার জন্য নিগম এলাকা ভিত্তিক সমবায়
সমিতি/SHG নিয়োগ করবে। আগ্রহী সমবায় সমিতি/SHG কে নিগমের ওয়েবসাইট
“www.wbecscegovernance.com”-এ তাঁদের নাম নথিভুক্ত (রেজিস্ট্রেশন) ও
আবেদন করার জন্য অনুরোধ করা হচ্ছে।

সমবায় সমিতিগুলি নথিভুক্ত করার জন্য নিম্নোক্ত বিষয়গুলি আবশ্যিক :

- ১। তাঁদের ৩ বছরের বার্ষিক হিসাব (Audited)।
- ২। সমবায় সমিতির Byelaw-এ ধান/চাল সংক্রান্ত ব্যবসার অনুমোদন।
- ৩। সমবায় সমিতির Registration Certificate Issued by District Authority of Co-operation Dept.
- ৪। সংস্থার PAN CARD.
- ৫। সমবায় সমিতি তার পছন্দ মত সরকার অনুমোদিত রাইস মিলের নাম (প্রামাণ্য নথি সহ) আবেদন পত্রে উল্লেখ করবেন।
- ৬। সমবায় সমিতির ইন্টারনেট সহ কমপিউটার থাকা আবশ্যিক।
- ৭। সংস্থার GST IN No. and HSN Code/SAC Code.

রেজিস্ট্রেশন ও আবেদন করার শেষ দিন ০৭.১১.২০১৭ (বেলা ৩ টে) পর্যন্ত। উল্লেখ্য, অনলাইন
নথিভুক্তিকরণ ও তৎপরবর্তী দরখাস্ত জমা দেওয়ার পদ্ধতিপ্রকরণ উল্লিখিত ওয়েবসাইটে আগ্রহী
দরখাস্তকারীগণের জ্ঞাতার্থে দেওয়া আছে। দরখাস্ত ফী হিসাবে এক হাজার টাকা W.B.E.C.S.C.
Ltd.-এর নামে (কলকাতায় প্রদেয়) ডি.ডি.-র মাধ্যমে দিতে হবে।

ম্যানেজিং ডিরেক্টর

পশ্চিমবঙ্গ অত্যাাব্যক পণ্য সরবরাহ নিগম লিমিটেড